

ক্যাম্পাস

ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির সমাবর্তন

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ০৬ জুলাই ২০২৫, ০৯: ০০



ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (WUST) ২০২৫ সালের সমাবর্তন অনুষ্ঠানটি রূপ নেয় মিলনমেলায় ছবি: সংগৃহীত

ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (WUST) ২০২৫ সালের সমাবর্তন অনুষ্ঠানটি রূপ নেয় মিলনমেলায়। আলেকজান্দ্রিয়া সিটি হাইস্কুল অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই আয়োজনে ২৬৩ জন শিক্ষার্থী ডিপ্লোমা লাভ করেন।

কেউ ছিলেন কর্মরত, কেউ বা উচ্চশিক্ষা শেষে নতুন যাত্রাপথে প্রস্তুত। মঞ্চে উঠে মা-ছেলের 'আই লাভ ইউ' সংলাপের হৃদয়স্পর্শী মুহূর্ত, কারও উচ্ছ্বাসে মঞ্চে ডিগবাজি দেওয়া ছিল দেখার মতো। কালো গাউন ও গ্র্যাজুয়েশন

ক্যাপে ক্যাম্পাসজুড়ে তৈরি হয়েছিল এক অভিন্ন বন্ধনের আবহ।

সমাবর্তনের মূল আকর্ষণ ছিল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও বোর্ড চেয়ারম্যান বাংলাদেশি প্রকৌশলী আবুবকর হানিপের স্টার্টআপ ফান্ড নিয়ে ঘোষণা। তিনি বলেন, ‘শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তাকে বাস্তবে রূপ দিতে এ বিশ্ববিদ্যালয় চালু করেছে দুই মিলিয়ন ডলারের স্টার্টআপ ফান্ড, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ২৪ কোটি টাকা। আমরা শুধু শিক্ষা দিয়েই থেমে থাকতে চাই না, আমরা চাই শিক্ষার্থীরা উদ্যোগ তৈরি করুক, নেতৃত্ব দিক। যাদের পণ্য বা ধারণা বাস্তবসম্মত সমাধান দিতে সক্ষম, আমরা তাদের পাশে থাকব মূলধন ও পরামর্শ নিয়ে।’

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিচারক সোমা সাঈদ, ভার্জিনিয়া স্টেট সিনেটর সাদ্দাম সেলিম, লাউডন কাউন্টি কোষাধ্যক্ষ হেনরি আইকেলবার্গ, গবেষক আনিস রহমান ও ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির সিএফও ফারহানা হানিপ। অনুষ্ঠানে ডিপ্লোমা প্রদান ও গ্র্যাজুয়েশনের ঘোষণা দেন বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট হাসান কারাবার্ক।

